

দৈনিক
ইত্তেফাক

প্রতিটি প্রকাশন মোমেন্ট মুক্ত মিয়ে

জাবি ভিসির বিরুদ্ধে সুনির্দিষ্ট অভিযোগ পেলে ব্যবস্থা --- ----- শিক্ষা উপমন্ত্রী

প্রকাশ : ০৭ নভেম্বর ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংস্করণ

 ইত্তেফাক রিপোর্ট

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ভিসির বিরুদ্ধে সুনির্দিষ্ট অভিযোগ পেলে শিক্ষা মন্ত্রণালয় তদন্ত করবে বলে জানিয়েছেন শিক্ষা উপমন্ত্রী ব্যারিস্টার মহিবুল হাসান চৌধুরী নওফেল। তিনি বলেন, বিশ্ববিদ্যালয় একটি স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান। তাই শিক্ষা মন্ত্রণালয় চাইলেই সেখানে হস্তক্ষেপ করতে পারে না। কেউ অভিযোগ দিলে তদন্ত করা হবে।

গতকাল বুধবার বিকেলে রাজধানীর আন্তর্জাতিক মাত্তামা ইনসিটিউটের সশ্রেণনক্ষে অনুষ্ঠিত এক সংবাদ সশ্রেণনে তিনি এ কথা বলেন। উপমন্ত্রী বলেন, এই বিশ্ববিদ্যালয়ে এখন দুটি পক্ষ রয়েছে। একটি পক্ষ ভিসির বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ তুলেছে। এজন্য তারা উপাচার্যের পদত্যাগ চাইছে। অপর পক্ষ বলেছে, যে ইস্যুতে দুর্নীতির অভিযোগ তোলা হচ্ছে, সেই ইস্যুতে এখনো কোনো টাকাই ছাড় করা হয়নি। তাই দুর্নীতির প্রশ্ন অবাস্তর। এমন অবস্থায় দুর্নীতির সুনির্দিষ্ট তথ্য-প্রমাণ দিয়ে লিখিত অভিযোগ করা হলে শিক্ষা মন্ত্রণালয় তদন্ত করবে।

ইত্তেফাক গ্রুপ অব পাবলিকেশন্স লিঃ-এর পক্ষে তারিন হোসেন কর্তৃক ৪০, কাওরান বাজার, ঢাকা-১২১৫ থেকে প্রকাশিত ও মুহিবুল আহসান কর্তৃক নিউ নেশন প্রিন্টিং প্রেস, কাজলারপাড়, ডেমরা রোড, ঢাকা-১২৩২ থেকে মুদ্রিত।

